



প্রধানমন্ত্রিকে নিয়ে মন্তব্যের প্রতিবাদে কর্নেল অলির বিরুদ্ধে ঝাড়ু মিছিল



চন্দনাইশে কর্নেল অলি আহমেদের বিরুদ্ধে বিএনপি ও অঙ্গসংগঠনের ঝাড়ু মিছিল। ছবি: সংগৃহীত

চট্টগ্রামের চন্দনাইশে এলডিপি সভাপতি কর্নেল অলি আহমেদের বিরুদ্ধে ঝাড়ু হাতে বিক্ষোভ মিছিল করেছে স্থানীয় বিএনপি ও এর অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাকর্মীরা। শনিবার বিকেলে আয়োজিত এ কর্মসূচিতে শতাধিক নেতা-কর্মী অংশ নেন।

মিছিল চলাকালে অংশগ্রহণকারীরা বিভিন্ন রাজনৈতিক স্লোগান দেন এবং সরকারের শীর্ষ নেতৃত্ব ও বিএনপির শীর্ষ নেতাকে নিয়ে কটুক্তির প্রতিবাদ জানান বলে দাবি করেন তারা। পরে অনুষ্ঠিত সমাবেশে বিএনপির এক স্থানীয় নেতা বলেন, কর্নেল অলি মানসিকভাবে ভারসাম্য হারিয়ে ফেলেছেন এবং বয়সজনিত কারণে তিনি বিভ্রান্তিকর মন্তব্য করছেন।

তিনি আরও অভিযোগ করেন, অতীতে জিয়াউর রহমান ও খালেদা জিয়ার সঙ্গে বেঈমানি করার পর এখন তিনি তারেক রহমানের বিরুদ্ধেও অবস্থান নিয়েছেন।

সমাবেশে নেতারা আরও দাবি করেন, কর্নেল অলি আহমেদ এক-এগারোর সময়ের সঙ্গে সংশ্লিষ্ট ষড়যন্ত্রে জড়িত ছিলেন এবং গণতান্ত্রিক প্রক্রিয়ার বিরোধিতা করেছেন। একই সঙ্গে তার বিরুদ্ধে মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃত করার অভিযোগও তোলা হয়।